বিজ্ঞ অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৪) ধারার বিধান মোতাবেক

# " নিলাম বিজ্ঞপ্তি "

মোকাম নারায়নগঞ্জ বিজ্ঞ অর্থঋণ জজ আদালত
অর্থঋণ ডিক্রীজারী- ২৮/২০০৯

সোনালী ব্যাংক লিমিটেড, মহিলা শাখা (হালে ফরেন এক্সচেঞ্জ শাখা), পক্ষে- উহার সহকারী মহাব্যবস্থাপক, সাং শহীদ সোহরাওয়াদী সড়ক (৬নং সনাতন পাল লেন), থানা ও জেলা- নারায়নগঞ্জ।

------------ডিক্রীদার পক্ষ।

-বনাম-

১। মেসার্স বাবলী এন্টার প্রাইজ, পক্ষে- উহার মালিক মোঃ বাবুল চাকলাদার ওরফে মোঃ বাবুল, পিতা- আব্দুর রশিদ চাকলাদার, সাং ৬৫/৫ নং নয়ামাটি, পোঃ, থানা ও জেলা- নারায়নগঞ্জ, ২। মোঃ বাবুল চাকলাদার ওরফে মোঃ বাবুল, পিতা-আব্দুর রশিদ চাকলাদার, ৩। মোঃ নকির উদ্দিন (বাদল), পিতা- মোঃ আব্দুল বারেক, উভয় সাং পশ্চিম দেওভোগ, আমবাগান হাজী ভিলা, পোঃ নারায়নগঞ্জ, থানা- ফতুল্লা, জেলা- নারায়নগঞ্জ।

----------------দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারন-কে জানানো যাইতেছে যে, নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি ডিক্রীদারের ২১/১১/২০০৯ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য = ১৭,০২,৫৬৪.০০ টাকা ও ২৮/০২/২০২৫ ইং পর্যন্ত সুদ সহ ৪৩,২৮,৬৭২/- টাকা। তৎসহ নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ-এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০৮/০৫/২৫ ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

## নিলামের শর্ত

১। প্রত্যেক দরদাতা উর্দ্ধত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ জজ অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
২। দরপত্র সরাসরি দরপত্র বাক্সে কিংবা রেজিস্ট্রিকৃত সাব-যোগে বেলা ১২.০০ ঘটিকা সময়ের মধ্যে জজ, অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ বরাবর দাখিল করিতে হইবে।
৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
৪। নিলাম গৃহিত হইবার পর অনুর্দ্ধ ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পর পরবর্তী ৩০ দিবসের মধ্যে ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে দরদাতাকে নিলাম ক্রয়ের সমূদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আদালত উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
৫। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি 'কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রিদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

চলমান পাতা-০২

৬। উপরে বর্ণিত ক্রমিক নং ৪ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রিদারকে প্রদান পূর্বক ডিক্রিকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহব্বান করিবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রিদারকে ডিক্রির দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুন, মান, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১১। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য কম প্রতীয়মান হইলে আদালত দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

১২। নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণ যাবতীয় তথ্যের জন্য ডিক্রিদার ব্যাংকে যোগাযোগ করিতে পারিবেন।

**"তপছিল"**

জেলা- সাবেক ঢাকা হালে-নারায়ণগঞ্জ, থানা-সোনারগাঁও, মৌজা-অর্জুনদী, জে.এল নং- হালে ১৬০,

| খতিয়ান | দাগ | রকম | পরিমান |
|---|---|---|---|
| সাবেক-৫৭ | এস.এ-৫৩,৫৪,৫৫,৫৯ হালে | | ৩৮ $\frac{৩}{৪}$ শতাংশ |
| এস.এ-৩৯ | আর.এস-২৯,৪১,৪০,১১৫ বাড়ী | | তদস্থিত যাবতীয় নির্মানাধীন সহ। |
| আর.এস-৮৪ | | | |
| নামজারী -৬৯/১,৯০ | | | |

আদেশ ক্রমে-

সেরেস্তাদার
অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।